

H/A  
প্রচারের ব্যয়/নি।  
৬/৩/২০২২  
০৫/০২/২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বাজেট শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০৩.২০-৩৮৬

তারিখ: ১১ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
২৬ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থবছরে পরিচালন বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ মঞ্জুরি হিসেবে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের মধ্যে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা (সংশোধিত-২০২০)” জারি করা হয়েছে। নীতিমালাটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সকল জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার বরাবরে বিতরণসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.shed.gov.bd](http://www.shed.gov.bd)) দেয়া হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী নিম্নে বর্ণিত শর্তে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

- (ক) দেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও. ভুক্ত ও নন এম.পি.ও.) মেরামত ও সংস্কার, আসবাবপত্র সংগ্রহ, খেলাধুলার সরঞ্জাম সংগ্রহ, প্রতিষ্ঠানকে প্রতিবন্ধী বান্ধব করাসহ পাঠাগারের উন্নয়ন কাজের জন্য মঞ্জুরির আবেদন করা যাবে। শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার শিক্ষা প্রতিষ্ঠান অথচ লেখাপড়ার মান ভাল এরূপ প্রতিষ্ঠান-কে অগ্রাধিকার প্রদান করা হবে;
- (খ) বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও. ভুক্ত ও নন এম.পি.ও.) শিক্ষক-কর্মচারিগণ তাঁদের দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনার জন্য মঞ্জুরির আবেদন করতে পারবেন;
- (গ) সরকারি বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও. ভুক্ত ও নন-এম.পি.ও.) ছাত্র-ছাত্রীকৃত দুরারোগ্য ব্যাধি, দৈব দুর্ঘটনা এবং শিক্ষা গ্রহণ কাজে ব্যয়ের জন্য আবেদন করতে পারবে। তবে এ বিশেষ মঞ্জুরি প্রদানের ক্ষেত্রে দুষ্ট, প্রতিবন্ধী, অসহায়, রোগগ্রস্ত, গরীব, মেধাবী ও অনগ্রসর সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করা হবে;
- (ঘ) উক্ত খাতে মঞ্জুরি/অনুদান প্রাপ্তির জন্য আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীকে আগামী ১ ফেব্রুয়ারী ২০২২ হতে ২৮ ফেব্রুয়ারী ২০২২ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগের ওয়েবসাইটে ([www.Shed.gov.bd](http://www.Shed.gov.bd)) শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের আর্থিক অনুদানের আবেদন ফরম বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না;
- (ঙ) স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- (চ) শিক্ষক-কর্মচারী ক্যাটাগরিতে আবেদনের ক্ষেত্রে চিকিৎসা সংক্রান্ত যাবতীয় ডাক্তারি সনদ এবং দৈব দুর্ঘটনার স্বপক্ষে প্রমাণপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- (ছ) শিক্ষা প্রতিষ্ঠানের আবেদনের ক্ষেত্রে ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডির প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- (জ) শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং (ডাক বিভাগের ডিজিটাল লেনদেন (নগদ)) এর মাধ্যমে প্রদান করা হবে;
- (ঝ) শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ব্যাংক হিসাবে অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে;
- (ঞ) ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী অনুদান পেয়েছেন সে সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা (সংশোধিত-২০২০)” এর নির্দেশনা অনুযায়ী এ বছর (চলতি ২০২১-২০২২ অর্থবছর) আর্থিক অনুদানের জন্য আবেদন করতে পারবেন না/বিবেচিত হবেন না;
- (ট) ২০২০-২০২১ অর্থবছর যে সকল ছাত্র-ছাত্রী আর্থিক অনুদান পেয়েছে সে সকল ছাত্র-ছাত্রী “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা (সংশোধিত-২০২০)” এর নির্দেশনা অনুযায়ী এ বছর (চলতি ২০২১-২০২২ অর্থবছর) আর্থিক অনুদানের জন্য আবেদন করতে পারবে না/বিবেচিত হবে না;
- (ঠ) আবেদনের কোন হার্ড কপি গ্রহণ করা হবে না।

(মো: মজলুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫১২২০৫

Email-moebudgetsection@gmail.com